# Welcome
to
# Sagiate Debating Society
(SDS)

# ক্লাব পরিচিতি

বিতর্ক মানেই যুক্তির সৌন্দর্য, বিতর্ক মানেই বাকশিল্পের চর্চা। তাই ২০১৩ সাল থেকে আমাদেরকে বিতর্কে পারদর্শী করে তোলার লক্ষ্যে শুরু হয় এই প্রতিষ্ঠানের বিতর্ক চর্চা ও ক্লাব গঠন। পরবর্তীতে ২০১৮ সালে ক্লাবটির নামকরণ করা হয় স্যাজিয়েট ডিবেটিং সোসাইটি (এস ডি এস)। এস ডি এস একটি সমৃদ্ধ ও বহুল পরিচিত ডিবেটিং ক্লাব। প্রত্যেক মাসের প্রথম বৃহস্পতিবার অনুষ্ঠিত হয় আমাদের ক্লাব কার্যক্রম। এছাড়াও আমাদের মডারেটর এবং সদস্য শিক্ষকদের সহায়তায় আমরা প্রায়শই প্রতিষ্ঠানের বাইরে বিভিন্ন বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকি। এস ডি এস শুধুমাত্র একটি ক্লাব নয়, এটি একটি পরিবার। এই পরিবারে সবাইকে স্বাগত জানাই ।

# পরিচালনা পর্ষদ (বাংলা)



মডারেটর, শিরিন আক্তার
সহকারী অধ্যাপক, বাংলা



সদস্য, শাহানা সাজেদা
প্রভাষক, বাংলা



সদস্য, মাহমুদা আক্তার
প্রভাষক, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন



সদস্য, ইশরাত ফাতেমা
প্রভাষক, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন

# বর্তমান প্যানেল পরিচিতি


















# ক্লাব কার্যক্রম

## দল গঠন

১ম বর্ষের শিক্ষার্থীদের আগমনের পর প্রতিযোগীতামূলক বিতর্কের মাধ্যমে ৪ টি হাউস থেকে ৫ জন করে মোট ২০ জন শিক্ষার্থী নির্বাচন করা হয়। পরবর্তীতে ক্রমাগত অনুশীলনের মাধ্যমে চূড়ান্ত ৫ জনকে নির্বাচন করা হয়, যারা বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকে।

## প্যানেল নির্বাচন

২০২২-২৩ শিক্ষাবর্ষ হতে বিতর্ক ক্লাবের সদস্যদের মধ্য থেকে ৫ জন প্যানেল মেম্বার নির্বাচন করা হয়। গত ০২/০৪/২০২২ তারিখে মাননীয়  অধ্যক্ষ ও উপাধক্ষ মহোদয় প্যানেল মেম্বারদের স্যাশ প্রদান করেন। নিঃসন্দেহে বিষয়টি বিতার্কিকদের দায়িত্ববোধ ও কর্মস্পৃহা বৃদ্ধি করে।

## প্রশিক্ষক নির্বাচন

বিতার্কিকদের যোগ্য করে গড়ে তোলার জন্য প্রতিষ্ঠানের অনুমোদনক্রমে ও সংশ্লিষ্ট শিক্ষক-ছাত্রীদের সুপারিশে সুদক্ষ প্রশিক্ষক নির্বাচন করা হয়। এবছর দেবাশীষ রঞ্জন সরকার ও আশিকুর রহমান অপু প্রশিক্ষক হিসেবে নিযুক্ত আছেন।

## ক্লাব ডে

প্রতি মাসের প্রথম বৃহস্পতিবার শেষ দুই পিরিয়ডে ক্লাব ডে পরিচালিত হয়। এ দিনে প্রশিক্ষক, বিতার্কিক, মডারেটর ও সংশ্লেষ্ট শিক্ষকদের উপস্থিতিতে দুই ঘন্টার সেশন হয়। যেখানে বিতার্কিকদের দূর্বলতা দূর করে সমসাময়িক বিষয়ে তাদের পারদর্শী করে তোলা হয়।

# বাংলা বিতর্কে বিভিন্ন সময়ে আমাদের অর্জন



চ্যাম্পিয়ন - এটিএন বাংলা জাতীয় বিতর্ক প্রতিযোগিতা ২০১৪





চ্যাম্পিয়ন - বিটিভি জাতীয় বাংলা বিতর্ক প্রতিযোগিতা এবং প্যানেল ২০১৮-১৯






আন্তঃক্যান্টনমেন্ট বিতর্ক প্রতিযোগিতা ২০১৯




আন্তঃ ক্যান্টনমেন্ট বিতর্ক প্রতিযোগিতা চলাকালীন মুহুর্ত




আন্তঃ ক্যান্টনমেন্ট বিতর্ক প্রতিযোগিতা ২০২২

# ইংরেজি বিতর্কের তত্ত্বাবধানে আছেন যারা



এস.এম. আরমান
প্রভাষক, ইংরেজি



সৈয়দ মাহবুব আলম
প্রভাষক, ইংরেজি



রতন কুমার রায়
প্রভাষক, ইংরেজি

# ইংরেজি বিতর্কে আমাদের অর্জন




ন্তঃ ক্যান্টনমেন্ট বিতর্ক প্রতিযোগিতা -২০২২(রানার আপ-বিভাগীয়)





আন্তঃ ক্যান্টনমেন্ট বিতর্ক প্রতিযোগিতা ২০২২




শিক্ষক-শিক্ষার্থীদের আনন্দ উল্লাস











***সংশ্লিষ্ট সকলের আন্তরিক চেষ্টা ও সার্বিক সহযোগিতায় এগিয়ে যাবে আমাদের ক্লাব, এই প্রত্যাশা নিয়ে কর্মনিষ্ঠ ও নিবেদিতপ্রাণ বিতর্ক ক্লাবের সদস্যরা এগিয়ে যাবে। ভবিষ্যতে ক্লাবটিকে আরো উন্নত করে গৌরবের নতুন মাত্রায় নিয়ে যাবে, এটিই  আমাদের অঙ্গীকার।***

# ধন্যবাদ